পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
www.iau.edu.bd iau.exam@gmail.com
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পনি/ফাজিল (পাস) পরীক্ষা-২০২৫/৬৪৭

২৮ জিলক্বদ ১৪৪৭ হিজরী
১৭ মে, ২০২৬ খ্রিস্টাব্দ
০৩ জৈষ্ঠ্য, ১৪৩৩ বঙ্গাব্দ

# বিজ্ঞপ্তি

## ফাজিল (পাস) ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০২৫ এর পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় পরিচালিত ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষবৃন্দ এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফাজিল (পাস) ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০২৫ এর নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট, রিটেইক ও মান-উন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণের নিমিত্ত বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত তফসিল অনুযায়ী সম্পন্ন করতে হবে। এতদসংক্রান্ত কার্যক্রম, নিয়মাবলী এবং ফি-এর হার নিম্নে প্রদত্ত হলো।

০১। অন-লাইনে (eFF) আবেদন ফরম পূরণ সংক্রান্ত নির্দেশনাবলী:

| ক্রম | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| ০১ | বিলম্ব ফি ব্যতীত অনলাইন eFF এর তারিখ | ১৮-০৬-২০২৬ থেকে ০৫-০৭-২০২৬ পর্যন্ত |
| ০২ | বিলম্ব ফিসহ অনলাইন eFF এর তারিখ | ০৬-০৭-২০২৬ থেকে ১২-০৭-২০২৬ পর্যন্ত |
| ০৩ | বিলম্ব ফি ব্যতীত ও বিলম্ব ফিসহ পরীক্ষার ফি এবং অন্যান্য আনুষঙ্গিক ফি ব্যাংকে জমা দেয়ার তারিখ | ১৬-০৭-২০২৬ থেকে ২৬-০৭-২০২৬পর্যন্ত |

০২। পরীক্ষার্থীর যোগ্যতা :

ক) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ৩ (তিন) বছর মেয়াদি ফাজিল (পাস) নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট ভর্তিকৃত ছাত্র-ছাত্রী ১ম বর্ষ পরীক্ষা-২০২৫, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ৩ (তিন) বছর মেয়াদী ফাজিল (পাস) নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট ভর্তিকৃত ছাত্র-ছাত্রী ফাজিল ২য় বর্ষ পরীক্ষা-২০২৫ এবং ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ৩ (তিন) বছর মেয়াদী ফাজিল (পাস) নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট হিসেবে ভর্তিকৃত ছাত্র-ছাত্রী ফাজিল ৩য় বর্ষ পরীক্ষা-২০২৫ এ অংশ গ্রহণ করতে পারবে।

খ) যে সকল ছাত্র-ছাত্রী বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ফাজিল (পাস) নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট শ্রেণিতে ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন প্রাপ্ত হয়েছে কিন্তু ফাজিল ১ম বর্ষ পরীক্ষা-২০২৩ বা ২০২৪ তে অংশগ্রহণ করেনি তারা ফাজিল ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষে ভর্তিকৃতদের সাথে ৩০০.০০ (তিন শত) টাকা পুনঃভর্তি ফি ইতিপূর্বে ভর্তি ফান্ডে জমা না দেয়া হলে অনুচ্ছেদ ১১ নং নির্দেশনা অনুযায়ী জমা দিতে হবে। ব্যাংকে জমাদান সাপেক্ষে ফাজিল ১ম বর্ষ পরীক্ষা-২০২৫ এ অংশগ্রহণ করতে পারবে।

গ) যে সকল ছাত্র-ছাত্রী বিশ্ববিদ্যালয়ের ফাজিল (পাস) ১ম বর্ষ পরীক্ষা-২০২৩ তে উত্তীর্ণ হয়েছে কিন্তু ফাজিল ২য় বর্ষ পরীক্ষা-২০২৪ এ অংশগ্রহণ করেনি তারা ফাজিল ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ২য় বর্ষে ভর্তিকৃতদের সাথে ৩০০.০০ (তিন শত) টাকা পুনঃভর্তি ফি ইতিপূর্বে ভর্তি ফান্ডে জমা না দেয়া হলে অনুচ্ছেদ ১১ নং নির্দেশনা অনুযায়ী জমা দিতে হবে। ব্যাংকে জমাদান সাপেক্ষে ফাজিল ২য় বর্ষ পরীক্ষা-২০২৫ এ অংশগ্রহণ করতে পারবে।

ঘ) যে সকল ছাত্র-ছাত্রী বিশ্ববিদ্যালয়ের ফাজিল (পাস) ২য় বর্ষ পরীক্ষা-২০২৩ তে উত্তীর্ণ হয়েছে কিন্তু ফাজিল ৩য় বর্ষ পরীক্ষা-২০২৪ তে অংশগ্রহণ করেনি তারা ফাজিল ৩য় বর্ষের সাথে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ৩০০.০০ (তিন শত) টাকা পুনঃভর্তি ফি ইতিপূর্বে ভর্তি ফান্ডে জমা না দেয়া হলে অনুচ্ছেদ ১১ নং নির্দেশনা অনুযায়ী জমা দিতে হবে। ব্যাংকে জমাদান সাপেক্ষে ফাজিল ৩য় বর্ষ পরীক্ষা-২০২৫ এ অংশগ্রহণ করতে পারবে।

ঙ) যে সকল ছাত্র-ছাত্রী বিশ্ববিদ্যালয়ের ফাজিল (পাস) ২য় বর্ষ পরীক্ষা-২০২৪ এ উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থী ফাজিল (পাস) ৩য় বর্ষ পরীক্ষা-২০২৫ এ অংশগ্রহণ করতে পারবে।

০৩। রিটেইক (Retake):

ক) যে সকল পরীক্ষার্থী ফাজিল (পাস) ১ম বর্ষ পরীক্ষা-২০২৪ এ রিটেইক (Retake) বিষয়সহ ২য় বর্ষে উত্তীর্ণ হয়েছে, তাদেরকে ২০২৫ সালের ফাজিল ১ম বর্ষ পরীক্ষার সাথে উক্ত বিষয়ে রিটেইক (Retake) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

খ) যে সকল পরীক্ষার্থী ফাজিল ২য় বর্ষ পরীক্ষা-২০২৪ এ রিটেইক (Retake) বিষয়সহ ৩য় বর্ষে উত্তীর্ণ হয়েছে, তাদেরকে ২০২৫ সালের ফাজিল ২য় বর্ষ পরীক্ষার সাথে উক্ত বিষয়ে রিটেইক (Retake) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

গ) যে সকল পরীক্ষার্থী ফাজিল ৩য় বর্ষ পরীক্ষা-২০২৪ এ ৩য় বর্ষ উত্তীর্ণ হয়েছে কিন্তু সি.জি.পি.এ (Cumulative Grade Point Average) ফলাফল প্রাপ্ত হয়নি, তাদেরকে ২০২৫ সালের ফাজিল ৩য় বর্ষ পরীক্ষায় উক্ত বিষয়ে রিটেইক (Retake) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

ঘ) সকল বর্ষের (Retake) পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য রেজিষ্ট্রেশন এর মেয়াদ থাকা বাধ্যতামূলক অন্যথায় (Retake) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

০৪। মানোন্নয়ন পরীক্ষা:

ক) পুরাতন সিলেবাসের ক্ষেত্রে কোন পরীক্ষার্থী ২০২৪ সালে যথাক্রমে ১ম, ২য় ও ৩য় বর্ষের ফল-এ মানোন্নয়ন করতে চাইলে গ্রেড পয়েন্ট ৫.০০ এর কম সে সকল পরীক্ষার্থী ২০২৫ সালে যথাক্রমে ১ম, ২য় ও ৩য় বর্ষের নিয়মিত পরীক্ষার সাথে মানোন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবেন এবং নতুন সিলেবাসের ক্ষেত্রে যারা গ্রেড পয়েন্ট জি.পি.এ ৪.০০ এর মধ্যে ৩.০০ এর কম পেয়েছে সে সকল পরীক্ষার্থী ২০২৫ সালে ১ম বর্ষের নিয়মিত পরীক্ষার সাথে মানোন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবেন। এই সুযোগ পরীক্ষার্থী শুধুমাত্র একবারই পাবেন।

খ) মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রতি পত্র ৫০০.০০ (পাঁচশত) টাকা ফি ব্যাংকে জমাদান সাপেক্ষে Online এ (eFF এর মেনুতে) মানোন্নয়ন ফরম পূরণ করতে হবে (অনুচ্ছেদ ১১ এর নির্দেশনা অনুযায়ী)।

০৫। রেজিস্ট্রেশন সংক্রান্ত নির্দেশাবলী :

রেজিস্ট্রেশন নম্বর ছাড়া ফরম পূরনের আবেদন কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ সকল পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডের নম্বর ও বিষয় কোড সম্পর্কে নিশ্চিত হয়ে পরীক্ষার ফরম পূরণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

০৬। পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস সংক্রান্ত :

পরীক্ষার্থীদেরকে সর্বশেষ প্রচলিত ফাজিল (পাস) নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট শ্রেণির জন্য প্রণীত পাঠক্রম-পাঠ্যসূচী অনুযায়ী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

০৭। অন-লাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী :

ক) eFF এর Login Password এর ক্ষেত্রে eSIF এর Login Password ব্যবহার করতে হবে। প্রদর্শিত সম্ভাব্য তালিকায় টিক চিহ্ন (✓) দিয়ে শিক্ষার্থীদের সংখ্যা অনুযায়ী ব্যাংকের নিজস্ব জমা রশিদের মাধ্যমে সমপরিমাণ টাকা ব্যাংকে জমা দিতে হবে।

খ) অসম্পূর্ণ আবেদন কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে এবং এর দায়িত্ব সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষকে বহন করতে হবে।

০৮। পরীক্ষার্থীদের যাবতীয় ফি-এর হার নিম্নরূপ:

| পরীক্ষার নাম | পরীক্ষার ফি (প্রতি পত্র) | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র) | নম্বর পত্র ফি | মূল সনদপত্র ফি | মোট (বিলম্ব ফি ব্যতীত) | রিটেইক/ মানোন্নয়ন ফি (প্রতি পত্র) | বিলম্ব ফি | পুনঃ ভর্তি ফি |
|---|---|---|---|---|---|---|---|---|
| (নতুন সিলেবাস) ফাজিল (পাস) ১ম বর্ষ নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেটসহ | ২৫০/= (৭ টি কোর্স) | - | - | - | ১৭৫০/= (রিটেইক/মানোন্নয়ন ফি ব্যতীত) | ৫০০/= | ৫০০/= | ৩০০/= |
| (পুরাতন সিলেবাস) ফাজিল (পাস) ১ম বর্ষ অনিয়মিত ও প্রাইভেটসহ | ২৫০/= (৪ টি কোর্স) | - | - | - | ১০০০/= (রিটেইক/মানোন্নয়ন ফি ব্যতীত) | ৫০০/= | ৫০০/= | ৩০০/= |
| (নতুন সিলেবাস) ফাজিল (পাস) ২য় বর্ষ নিয়মিত ও প্রাইভেটসহ | ২৫০/= (৭ টি কোর্স) | - | - | - | ১৭৫০/= (রিটেইক/মানোন্নয়ন ও ব্যবহারিক ফি ব্যতীত) | ৫০০/= | ৫০০/= | ৩০০/= |
| (পুরাতন সিলেবাস) ফাজিল (পাস) ২য় বর্ষ অনিয়মিত ও প্রাইভেটসহ | ২৫০/= (৪ টি কোর্স) | ৭৫/= | - | - | ১০০০/= (রিটেইক/মানোন্নয়ন ও ব্যবহারিক ফি ব্যতীত) | ৫০০/= | ৫০০/= | ৩০০/= |
| ফাজিল (পাস) ৩য় বর্ষ নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেটসহ | ২৫০/= (৬ টি কোর্স) | ৭৫/= | ৩০০/= | ৫০০/= | ২৩০০/= (রিটেইক/মানোন্নয়ন ও ব্যবহারিক ফি ব্যতীত) | ৫০০/= | ৫০০/= | ৩০০/= |

০৯। পরীক্ষার কেন্দ্র ফি-এর হার :

ক) ফাজিল (পাস) ১ম, ২য়, ৩য় বর্ষ নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট পরীক্ষা-২০২৫-এর প্রতি পরীক্ষার্থীর কেন্দ্র ফি বাবদ ৬০০.০০ (ছয়শত) টাকা (ব্যবহারিক পরীক্ষা ব্যতীত) কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট নগদ জমা দিতে হবে।

খ) কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ থেকে সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন।

১০। ক) পরীক্ষার্থীদের প্রয়োজনীয় ফি অনুচ্ছেদ ১১ নং নির্দেশনা অনুযায়ী জমা দিতে হবে। টাকা জমা দেয়ার Payslip, টপশিট, তথ্য ফরম ও আনুষঙ্গিক কাগজপত্র মাদরাসায় সংরক্ষণ করবেন।

খ) কোন ক্রমেই নগদ টাকা, পে-অর্ডার, পোস্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারী চালান ইত্যাদি বিশ্ববিদ্যালয়ের ফি হিসেবে গ্রহণ করা হবে না।

১১। পরীক্ষার্থীদের প্রয়োজনীয় ফি জমা দেয়ার নিয়মাবলী

প্রথম ধাপ : iau.edu.bd/payment তে প্রবেশ করুন।

দ্বিতীয় ধাপ : EIIN ও Password দিয়ে Login করুন।

তৃতীয় ধাপ : Payment Information এ ক্লিক করুন।

চতুর্থ ধাপ : সংশ্লিষ্ট পরীক্ষার Payslip Download করে অগ্রণী ব্যাংক পিএলসি এর যে কোন শাখায় বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখের মধ্যে (Payslip - এ উল্লেখিত শেষ তারিখে নয়) টাকা জমা দিন এবং **Payment Status-Paid** নিশ্চিত করুন অন্যথায় পরীক্ষার্থীদের প্রবেশপত্র ও স্বাক্ষরলিপিসহ প্রয়োজনীয় কাগজপত্র সরবরাহ করা হবে না।

১২। অন্যান্য বিষয় সংক্রান্ত :
অবৈধ রেজিস্ট্রেশন, বিশ্ববিদ্যালয়ের অনুমতি ছাড়া অবৈধভাবে মাদরাসা বদলি হওয়ার কারণে ২০২৫ সালে পরীক্ষা দেওয়ার যোগ্য নয় এমন ধরণের ছাত্র-ছাত্রীকে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দিলে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ এ বিষয়ে দায়ী থাকবেন এবং ঐ সকল পরীক্ষার্থীদের ফলাফল বাতিল বলে গণ্য হবে।

১৩। বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফাজিল (পাস) ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা-২০২৫ এর নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী সঠিকভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট মাদরাসা অধ্যক্ষগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

বি. দ্রঃ বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখের মধ্যে কোন পরীক্ষার্থী ফরম পূরণ করতে ব্যর্থ হলে ম্যানুয়ালী ফরম পূরণের ক্ষেত্রে বিধি অনুযায়ী পরীক্ষার্থী প্রতি অতিরিক্ত ৩০০০/= (তিন হাজার) টাকা জরিমানা প্রযোজ্য হবে।

মাননীয় ভাইস-চ্যান্সেলর এর অনুমোদনক্রমে

১৭/০৫/২৬

প্রফেসর ড. মোহাম্মদ শহিদুল ইসলাম
প্রো-ভাইস চ্যান্সেলর
ও
পরীক্ষা নিয়ন্ত্রক (অতিঃদায়িত্ব)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

**জরুরী প্রয়োজনে**

অফিস চলাকালীন সময়ে ( সকাল ০৯.০০ থেকে বিকাল ০৪.০০)
এস.এম সাদেকুর রহমান, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক - ০১৯১৪-৭৩০৭৬৫ (১ম বর্ষ)
আসাদুজ্জামান, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক - ০১৭১৩-৫৫৬১৭৬ (১ম বর্ষ)
মোঃ মুরাদ হোসেন, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক - ০১৯৭৭-৭৭৭৪০৭ (২য় বর্ষ)
মোঃ মহিববুল্লাহ, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক - ০১৫৭১-৭২৪০২২ (৩য় বর্ষ)
আই.সি.টি শাখা - ০১৭০৯-৩৮৯০০৭
মোঃ রুমী কিসলু, সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) - ০১৭১১-৭৭৪৫৯৬ (Payslip সংক্রান্ত)

স্মারক নং- ইআবি/পনি/ফাজিল পাস পরীক্ষা-২০২৫/৬৪৭ তারিখ: ১৭.০৫.২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
২. অধ্যক্ষ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সকল ফাজিল ও কামিল মাদরাসা
৩. ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি
৪. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি
৫. আই.সি.টি শাখা, (ওয়েবসাইটে প্রকাশের জন্য) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
৬. জনসংযোগ, তথ্য ও পারামর্শ দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
৭. অফিস কপি

১৭.০৫.২০২৬

মোঃ মহিববুল্লাহ
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়